# বীমা খাতেও অনিয়ম-লুটপাট হয়েছে: অর্থমন্ত্রী



অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। ছবি: সংগৃহীত

ব্যাংকিং খাতের মতো বীমা খাতেও অনিয়ম ও লুটপাট হয়েছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, বীমার গ্রাহকরা তাদের কষ্টের টাকা ফেরত পাচ্ছেন না। তবে কোম্পানিগুলোকে গ্রাহকদের পাওনা পরিশোধে বাধ্য করা হবে।

সোমবার (১৪ সেপ্টেম্বর) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রক সংস্থার কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের এসব কথা বলেন অর্থমন্ত্রী।

তিনি জানান, দেশের ৫৭ শতাংশ বীমা দাবি এখনো পরিশোধ হয়নি। দাবি পরিশোধ না করে কিছু বীমা কোম্পানি নিজেদের সম্পদ বাড়িয়েছে বলেও উল্লেখ করেন তিনি।

আমির খসরু বলেন, দাবি পরিশোধের জন্য কোম্পানিগুলোকে নির্দিষ্ট সময় দেওয়া হবে। নির্ধারিত সময়ে টাকা পরিশোধে ব্যর্থ হলে কোম্পানির সম্পত্তি বিক্রি করে গ্রাহকদের পাওনা পরিশোধ করা হবে। এতে বীমা খাতে গ্রাহকদের আস্থা ফিরবে বলে আশা প্রকাশ করেন তিনি।

অর্থমন্ত্রী আরও বলেন, এখন থেকে বীমা খাতে ঝুঁকিভিত্তিক তদারকি করা হবে। সব কোম্পানিকে অটোমেশনের আওতায় এনে লেনদেন অনলাইনে নেওয়া হবে। এ জন্য সব বীমা প্রতিষ্ঠান ও নিয়ন্ত্রক সংস্থাকে একটি সমন্বিত ব্যবস্থার আওতায় আনার পরিকল্পনা রয়েছে।

নিয়ন্ত্রক সংস্থার নির্দেশনা না মানলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে জানিয়ে তিনি সংস্থাটির জনবল বাড়ানো ও দক্ষতা উন্নয়নের উদ্যোগ নেওয়ার কথাও জানান।